সংবাদ

তারিখ 3 1 DEC 2017
পৃষ্ঠা ৪ কলাম ৬

# নারায়ণগঞ্জে প্রাথমিক সমাপনী পরীক্ষায় মেয়েরা ভালো করেছে

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

এবার প্রাথমিক সমাপনী পরীক্ষায় নারায়ণগঞ্জ জেলার স্কুলগুলোর ফলাফলে মেয়েরা ভালো করেছে। এ জেলায় মেয়ে পরীক্ষার্থীর সংখ্যাও ছিল ছেলেদের চেয়ে ৪ হাজার ১৫ জন বেশি। অন্যদিকে জাতীয় পর্যায়ের ফলাফলের চেয়ে নারায়ণগঞ্জ জেলার শিক্ষার্থীরা ৩ দশমিক ২৭ ভাগ বেশি পাস করেছে। গতকাল প্রকাশিত প্রাথমিক সমাপনী পরীক্ষার বিভিন্ন জেলার ফলাফল বিশ্লেষন করে এ তথ্য পাওয়া যায়।

এ বছর নারায়ণগঞ্জ জেলায় প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে মোট ৫০ হাজার ৮২১ জন। এর মধ্যে ছেলে পরীক্ষার্থীর সংখ্যা ২৩ হাজার ৪০৩ জন, মেয়ে পরীক্ষার্থীর সংখ্যা ২৭ হাজার ৪১৮ জন। জেলায় ছেলেদের মধ্যে পাসের হার ৯৮ দশমিক ৪২ ভাগ, মেয়েদের পাসের হার ৯৮ দশমিক ৪৮ ভাগ।

নারায়ণগঞ্জ জেলার ৫টি উপজেলার মধ্যে নারায়ণগঞ্জ সদর উপজেলায় পাসের হার সবচেয়ে বেশি। এ উপজেলায় পাসের হার ৯৯ দশমিক ৩৫ ভাগ। এ উপজেলায়ও মেয়েদের পাসের হার ছেলেদের চেয়ে বেশি। এ উপজেলায় পরীক্ষা দিয়েছে মোট ২২ হাজার ৬১৮ জন। এর মধ্যে ছেলেদের পাসের হার ৯৯ দশমিক ২৯ ভাগ, মেয়েরা পাস করেছে ৯৯ দশমিক ৪২ ভাগ। জেলায় সবচেয়ে কম পাস করেছে আড়াইহাজার উপজেলার শিক্ষার্থীরা। সেখানে পাসের হার ৯৭ দশমিক ১২ ভাগ। ছেলেরা পাস করেছে ৯৭ দশমিক ৩৪ ভাগ এবং মেয়েরা পাস করেছে ৯৬ দশমিক ৯০ ভাগ।

এ ব্যাপারে নারায়ণগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিন্দ্র কুমার মণ্ডল বলেন, এবার প্রাথমিক সমাপনী পরীক্ষায় নারায়ণগঞ্জের ফলাফল ভালো। এর মধ্যে মেয়েরা বেশি ভালো করেছে। এজন্য তিনি স্কুলগুলোর শিক্ষক ও অভিভাবকদের প্রশংসা করে বলেন, সরকারের নানা উদ্যোগের কারণে প্রতি বছরই ছাত্রছাত্রীদের পড়াশোনার মান বাড়ছে। এবারের ফলাফলে তা প্রমাণিত হয়েছে।